



৮ আগস্ট ‘নতুন বাংলাদেশ’ দিবস ঘোষণা, পরিপত্র জারি অন্তর্বর্তী সরকারের



সংগৃহীত ছবি

অন্তর্বর্তীকালীন সরকার ৮ আগস্টকে ‘নতুন বাংলাদেশ’ দিবস হিসেবে ঘোষণা করে আনুষ্ঠানিক পরিপত্র জারি করেছে। বুধবার (২৫ জুন) মন্ত্রিপরিষদ বিভাগের সাধারণ প্রশাসন অধিশাখা থেকে এ বিষয়ে একটি পরিপত্র প্রকাশ করা হয়।

পরিপত্রে জানানো হয়, প্রতিবছর ৮ আগস্ট ‘নতুন বাংলাদেশ’ দিবস হিসেবে উদযাপন করার সিদ্ধান্ত নিয়েছে সরকার। জাতীয় ও আন্তর্জাতিক দিবস পালনের অংশ হিসেবে দিনটিকে ‘খ’ শ্রেণিত্বুক্ত দিবসের তালিকায় অন্তর্ভুক্ত করা হয়েছে। এ সিদ্ধান্তটি ২০২৪ সালের ২১ অক্টোবর অনুষ্ঠিত মন্ত্রিপরিষদ সভায় গৃহীত সিদ্ধান্তের আলোকে কার্যকর করা হলো।

এর প্রেক্ষাপটে সরকারি ও বেসরকারি পর্যায়ে যথাযথ মর্যাদায় দিবসটি পালনের আহ্বান জানানো হয়েছে।

উল্লেখযোগ্যভাবে, গত বছরের ৫ আগস্ট গণঅভ্যুত্থানের মাধ্যমে শেখ হাসিনার সরকারের পতনের পর ৮ আগস্ট অন্তর্বর্তী সরকারের দায়িত্ব গ্রহণ করে একটি নতুন শাসনব্যবস্থার সূচনা হয়। বিশিষ্ট অর্থনীতিবিদ ও নোবেলজয়ী ড. মুহাম্মদ ইউনূসের নেতৃত্বে ওইদিনই অন্তর্বর্তী সরকার শপথ নেয়, যা নতুন রাজনৈতিক অধ্যায়ের সূচক হিসেবে বিবেচিত হয়। সে ঘটনার স্মরণে দিনটিকে ‘নতুন বাংলাদেশ’ দিবস হিসেবে চিহ্নিত করা হলো।